

## আবদুল্লাহ আল আমিন কে

সদালাপ এর বর্তমান লেখকবৃন্দঃ

Nurullah Masum, Mezbahuddin Zawher, Fahmida Rahman, Setara Hashem, Mohammad Aman Ullah, Abdur Rahman Abid, Fatemolla, Nazma Mustafa, Syed Ashrafuzzaman, Tito Ahmed, Kazi Sabbir Ahmed, Md. Saidul Islam, Ima Ahmed, Mohammad Asghar, Syed Aslam, Dewan Abdul Baset, M. Bahauddin, Jahed Ahmed, Sad Kamali, Taher M. Saiekh, Jamilul Bashar, Nondini Hossain, Nishat Haider, S. R. Pal, Saheb, A. S. M. Ziauddin, M. M. Kamal, and so on...

উপরের লেখকবৃন্দের লিখাগুলো সদালাপ ওয়েব সাইটের ফ্রন্ট পেজে এখনও রাখা আছে। কেহ হয়ত বা নিয়মিত লিখেন কেহ বা অনিয়মিত।

তা, আবদুল্লাহ সাহেব কি এতগুলো লেখক এর মধ্যে 'enough sane writer' খুঁজে পাচ্ছেন না, strange! তাহলে আবদুল্লাহ সাহেব কাদেরকে sane লেখক বলছেন। আবদুল্লাহ সাহেব কি sane এবং insane লেখকদের একটি লিস্ট করে সদালাপে পোস্ট করবেন। পাঠকরাও উপকৃত হত। আর আবদুল্লাহ সাহেব কি ধরনের লিখা পচন্দ করেন সেটাও স্পষ্ট করে বলেন নাই। আবদুল্লাহ সাহেব কি মোকচেদুল মোমেনিন টাইপ এর বই থেকে কেচ্চা-কাহিনী জাতীয় ওয়াজ-মাহফিল টাইপ এর লিখা পচন্দ করেন? কোরান এর উপর লিখা পচন্দ করেন না? ভাল কথা, তা আপনি নিজে লিখেন না কেন?

আবদুল্লাহ সাহেব লিখেছেনঃ

"I think the recent low quality of write-ups (from a sane, moral and Islamic viewpoint) is a wake-up call for good writers, not to sit idle and be busy with day to day lives, while the junk writers get the most voice."

খুবই ভাল কথা। তা, অপরকে "half-knowledge', 'low IQ', 'psychological problems', ইত্যাদি বলে লেজ গুটিয়ে না পালিয়ে নিজেই লিখা শুরু করে দেন না। অপরকে লিখার তাগাদা দিচ্ছেন কেন? আপনি তো একজন sane writer, আপনার sanity পাঠকদের কাছে একটু show করবেন না!

আমি অধীর আগ্রহে অপেক্ষা করছি, আপনি জামিলুল বাসার এর সবগুলো লিখার উপরে গঠনমূলক আলোচনা করবেন। তার লিখাগুলোর কোথায় কোথায় ভুল-ভ্রান্তি আছে সেগুলো উল্লেখ করে আপনি সেই ভুলগুলো সঠিক ভাবে খন্ডন করে পাঠকদের কাছে নিয়ে আসবেন। আশা করি আমরা সবাই উপকৃত হব। শুধু শুধু পোলাপানদের মত টিল চুঁড়ে পালাবেন না যেন! আর যদি জামিলুল বাসার এর লিখা খন্ডন করতে না পারেন, তাহলে তার কথা কিন্তু মেনে নিতে হবে, কি বলেন।

আপনি কি **over sure** যে কোরানে বিভিন্ন ভাষার একটুও সংমিশ্রন নেই???

যদি থেকে থাকে তাহলে আপনি কি কোরানে বিশ্বাস হারিয়ে ফেলবেন? আমি মনে করিনা আপনি সেটাও করবেন! তাই যদি হয় তাহলে এ কথা শুনে **insult feel** করছেন কেন! তেলে-বেগুনে জ্বলে উঠছেন কেন! আপনি এই **point-টাই** আগে প্রমান করেন না, কারণ এর উপর আপনার "**full-knowledge**" আছে বলে মনে হচ্ছে! অবশ্য, আপনার হাঙ্গে-তোঙ্গে দেখে তো মনে হচ্ছে আপনার সব কিছুতেই "**full-knowledge**" আছে।

আচ্চা বলেন তো আমার এই লিখাতে কতগুলো বানান ভুল হয়েছে।

পরিশেষে, ফতেমোল্লার সাথে আমিও বলতে চাই “ইসলাম কারো বাপ-দাদার পৈতৃক সম্পত্তি নয় যে কেহ কারো চোখ রাজ্জানী দেখবে”।

ধন্যবাদ।

পারভেজ।